



নিরাপদ কর্মপরিবেশ
এগিয়ে যাচ্ছে বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রশাসন ও উন্নয়ন শাখা
২৩-২৪, বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.১৬.০১৩.১৭.৫৭১

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৫

২৭ মে ২০১৮

বিষয়: সেবা সহজিকরণ বিষয়ক

সূত্র: এক্সেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় এর স্মারক

নং-০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭-৩০৩৭, তারিখঃ ২০/১০/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সচিবালয়ের নির্দেশমালা, ২০১৪-এর ২৬০ সংখ্যক নির্দেশনায় সেবা সহজীকরণের যে বিষয়টি বিধৃত রয়েছে তার আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সেবা সহজীকরণের কার্যক্রম নিয়মিতভাবে অব্যাহত রেখেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের সহায়তায় গত জানুয়ারি, ২০১৮ মাসের ১৫-১৭ তারিখ পর্যন্ত অত্র অধিদপ্তরের ১২ জন কর্মকর্তাকে নিয়ে একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে নিম্নোক্ত ০৩ টি সেবা সহজীকরণের জন্য নির্ধারণ করা হয়ঃ

- ১) অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি
- ২) দুর্ঘটনার প্রতিবেদন সংগ্রহ
- ৩) ঠিকাদার সংস্থার লাইসেন্স প্রদান/নবায়ন সংক্রান্ত সেবা

উক্ত কর্মশালায় গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী ২০১৭-১৮ অর্থবছরের জন্য "অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি" সেবাটি সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ক্ষেত্রে বর্তমানে যে কার্যপদ্ধতি অবলম্বন করা হয় সেক্ষেত্রে অভিযোগ নিষ্পত্তিতে ক্ষেত্র বিশেষে ১১-৭৫ দিন পর্যন্ত সময় লাগে। অত্র অধিদপ্তরে আসা অভিযোগের সিংহভাগই ধারা ১২৪ক অর্থাৎ মজুরী সংশ্লিষ্ট। বর্তমান কার্যপদ্ধতি অনুসারে দায়েরকৃত অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে মালিক ও শ্রমিক পক্ষের সাথে সংশ্লিষ্ট পরিদর্শক কর্তৃক আলোচনা, পত্রপ্রেরণ, বৈঠক আয়োজনে ১-২০ দিন পর্যন্ত সময় লাগে। এতে সেবাপ্রার্থীর সেবা লাভে বিলম্ব ঘটে। এমতাবস্থায় অভিযোগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট পরিদর্শক কর্তৃক অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে ১-২০ দিন এর পরিবর্তে ১-৭ দিনে কমিয়ে আনার সিদ্ধান্ত গৃহিত হয়। এতে করে সেবাপ্রার্থী আরো দ্রুত ও সহজে সেবা লাভ করতে পারবেন।

এমতাবস্থায় অত্র অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তির সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে সংযুক্ত কার্যপদ্ধতি অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তিঃ সেবা সহজীকরণের প্রসেস ম্যাপ (১ পাতা)

২৭-৫-২০১৮

মোঃ সামছুজ্জামান ভূইয়া

বিতরণ :

- ১) যুগ্ম মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) উপ মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৪) উপ মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৫) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.১৬.০১৩.১৭.৫৭১/১(২)

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ২) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মহাপরিদর্শক

ফোন: ০২-৫৫০১৩৬২৬

ফ্যাক্স: ০২-৫৫০১৩৬২৮

ইমেইল: chiefdife@gmail.com

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৫
২৭ মে ২০১৮



২৭-৫-২০১৮

মোঃ সামছুজ্জামান ভূইয়া
মহাপরিদর্শক